# সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির প্রবেশপথে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জুলাই গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাত আসামির মৃত্যুদণ্ডের রায় ঘোষণার পর সুপ্রিম কোর্ট প্রাঙ্গণের প্রধান বিচারপতির প্রবেশপথের সামনে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) দুপুর সোয়া ১টার দিকে প্রধান বিচারপতি ও অন্য বিচারপতিদের প্রবেশপথে বিস্ফোরণটি ঘটে। তবে কারা ককটেল ছুড়ে পালিয়েছে, তা তাৎক্ষণিকভাবে নিশ্চিত করতে পারেনি সেখানে দায়িত্বে থাকা পুলিশ।

এর আগে দুপুর সোয়া ১২টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের প্যানেল আওয়ামী লীগ ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের সাত নেতাকে মৃত্যুদণ্ড দেন।

মৃত্যুদণ্ড পাওয়া ব্যক্তিরা হলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ এ আরাফাত, যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল এবং ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান। সাতজনই বর্তমানে পলাতক।

মামলায় গত ১৮ আগস্ট যুক্তিতর্ক শেষ হওয়ার পর রায়ের জন্য অপেক্ষমাণ রাখা হয়। পরে ১৪ সেপ্টেম্বর রায় ঘোষণার জন্য ১৫ সেপ্টেম্বর দিন নির্ধারণ করেন ট্রাইব্যুনাল।